129

দৈনিক ইত্তেফাক

তারিখ 11 JUL 1995
পৃষ্ঠা 2 কলাম 5

## পরীক্ষা পদ্ধতি বাতিলের দাবীতে সড়ক অবরোধ

চৌমুহনী সংবাদদাতা ॥ এস এস সি পরীক্ষা নূতন পদ্ধতি বাতিল, শিক্ষা উপকরণের মূল্য হ্রাস ও বৈষম্যমূলক শিক্ষা ব্যবস্থা বাতিলের দাবীতে নোয়াখালী

(শেষ পৃ: ৫-এর ক: দ্র:)

## পরীক্ষা পদ্ধতি

(১ম পৃ: পর)

জেলার সেনবাগ থানার কয়েকটি উচ্চবিদ্যালয়ের ছাত্র গতকাল (সোমবার) সকাল ১০টা হইতে বেলা ২টা পর্যন্ত নোয়াখালী-ফেনীর ছমির মুন্সীর হাট হইতে সেবার হাট পর্যন্ত ৭ কিলোমিটার সড়কে অবস্থান গ্রহণ করে। বিকাল ২টায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এবং স্থানীয় প্রশাসনেরকর্মকর্তাগণ অবরোধস্থলে আসিয়া ছাত্র নেতৃবৃন্দের সাথে আলোচনার পর অবরোধ প্রত্যাহার করা হয়। অবরোধের সময় উক্ত সড়কে শত শত যানবাহন আটকা পড়ে এবং ইহার ফলে যাত্রীদের দুর্দশা চরমে পৌঁছায়।